# আ.লীগের দমননীতি এজিদি নিপীড়নের প্রতিচ্ছবির মতো ছিল: তারেক রহমান



তারেক রহমান: সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, আওয়ামী লীগ সরকারের দীর্ঘদিনের শাসন ছিল "এজিদ বাহিনীর" দমন-পীড়নের মতো পৈশাচিক। শনিবার (৫ জুলাই) পবিত্র আশুরা উপলক্ষে পাঠানো এক বাণীতে তিনি এই মন্তব্য করেন।

তারেক রহমান বলেন, “গত ১৬ বছর ধরে দেশ একটি ফ্যাসিস্ট শাসনের অধীনে রয়েছে, যেখানে ভুয়া নির্বাচন, জনগণের ভোটাধিকার হরণ, গুম, বিচার বহির্ভূত হত্যা, সন্ত্রাস এবং বিদেশে অর্থ পাচারের মাধ্যমে এক ভয়াবহ শোষণমূলক শাসন কায়েম করা হয়েছে।” তিনি আরও বলেন, “ইমাম হোসেন (রা:) ও তাঁর অনুসারীদের আত্মত্যাগের চেতনায় অনুপ্রাণিত হয়ে দেশে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন অব্যাহত থাকবে।”

এদিকে আশুরা উপলক্ষে পৃথক এক বাণীতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, “আওয়ামী স্বৈরাচারী সরকার দেশকে যেন এক কারবালার প্রান্তরে রূপান্তর করেছিল। সাধারণ মানুষকে সহ্য করতে হয়েছে নির্যাতন, হিংস্রতা ও রক্তপাতের ভয়াবহ এক শাসন।”

তিনি আরও বলেন, “আশুরা আমাদের শিক্ষা দেয় ত্যাগ, নৈতিকতা এবং অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর। এ দিবস নিপীড়িতদের মাঝে সংহতি ও ভ্রাতৃত্ববোধ জাগ্রত করে।”